

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৩৫০০.০৪২.১৪.০৬৫.১৯.২২৯৮

তারিখ: ১৮ কার্তিক ১৪২৮
০৩ নভেম্বর ২০২১

বিষয়: ২০২০-২১ অর্থবছরে গোপালগঞ্জ জেলা পরিষদের এডিপি সাশ্রয়কৃত অর্থে স্কিম অনুমোদন সংক্রান্ত।

সূত্র: গোপালগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৩৫০০.০০০.০১.০০১.২১-৫৩৩, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২০-২১ অর্থবছরে গোপালগঞ্জ জেলা পরিষদের এডিপি সাশ্রয়কৃত অর্থের আওতায় ১৩.০০ লক্ষ (তের লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০টি স্কিমের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত স্কিমের মধ্যে ক্রমিক নং-৪ ও ১০ এ বর্ণিত ২.৫০ লক্ষ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে স্কিম ২টি ব্যক্তি পুকুরের ঘাটলা নির্মাণ সংক্রান্ত হওয়ায় তা পরিবর্তন করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। পাশাপাশি, উক্ত ২টি স্কিম ব্যতীত অবশিষ্ট নিম্নবর্ণিত ৮টি স্কিম ১০.৫০ লক্ষ (দশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রমিক	স্কিমের নাম	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
১.	কাড়ারগাতি মঠবাড়ী লক্ষ্মী নারায়ণ মন্দির পুনঃনির্মাণ	২.০০
২.	মুকসুদপুর উপজেলার লখাইরচর দক্ষিণপাড়া ওয়াবদা সংলগ্ন জামে মসজিদে ঘাটলা নির্মাণ	১.৫০
৩.	নিলফা বয়রা আশরাফুল উলুম মাদ্রাসা ও এতিমখানা উন্নয়ন	১.০০
৪.	কোটালীপাড়া উপজেলার টুটাপাড়া সার্বজনীন কবরস্থান	১.৫০
৫.	সদর উপজেলার রসুলপাড়া মহিলা ক্রীড়া কমপ্লেক্স এর পাশে ঘাটলা নির্মাণ	১.৫০
৬.	কোটালীপাড়া পূর্ণবর্তী পূর্বপাড়া জামে মসজিদ সংলগ্ন কবরস্থান উন্নয়ন	১.০০
৭.	চুঞ্জিপাড়া সার্বজনীন শ্রী শ্রী গনেশ পাগল মন্দির উন্নয়ন	১.০০
৮.	কোটালীপাড়া উত্তরপাড়া পূর্বকান্দি জামে মসজিদ উন্নয়ন	১.০০
	মোট=	১০.৫০

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গোপালগঞ্জ।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।